

গুচ্ছ ভর্তি পরীক্ষা নিয়ে বুয়েটের ভিন্নমত

নিজস্ব প্রতিবেদক

২১ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ২০ জানুয়ারি ২০২১ ২২:৫৬



সরকারি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ ভর্তি পরীক্ষায় কমিটির চেয়ারম্যান ও পরীক্ষার কেন্দ্র নিয়ে দ্বিমত জানিয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ ভর্তি পরীক্ষাসংক্রান্ত গতকাল ইউজিসির সঙ্গে অনলাইনে চারটি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভার্চুয়াল সভায় এ দ্বিমত জানায় বুয়েট।

সভাসূত্রে জানা গেছে, রুয়েট, চুয়েট ও কুয়েটের উপাচার্যরা গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার জন্য প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর ইংরেজি বানানের আদ্যক্ষর দিয়ে পর্যায়ক্রমে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির চেয়ারম্যান করার প্রস্তাব করেন আলোচনায়। এ বিষয়ে দ্বিমত জানিয়েছে

বুয়েট।

এ ছাড়া ভর্তি পরীক্ষার কেন্দ্র চার বিশ্ববিদ্যালয়ে করার প্রস্তাবও দিয়েছে বুয়েট ব্যতীত তিনটি বিশ্ববিদ্যালয়। এ দুটি বিষয়ে বুয়েট দ্বিমত জানিয়েছে সভায়। তারা বলেছেন, আগামী সপ্তাহে জরুরি একাডেমিক কাউন্সিলের সভা আহ্বান করে চূড়ান্ত সিদ্ধান্ত জানাবেন।

বুয়েটের প্রস্তাবনা হচ্ছে, প্রতিবছর কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির চেয়ারম্যান বুয়েট থেকে এবং পরীক্ষার কেন্দ্র শুধু বুয়েটেই হবে। তবে কমিটিতে অন্য প্রকৌশল বিশ্ববিদ্যালয়গুলোর অংশীদারিত্ব থাকবে। প্রস্তাব কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি প্রণয়ন করবে।

ইউজিসি সদস্য মুহাম্মদ আলমগীরের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. রফিকুল ইসলাম শেখ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মোহাম্মদ রফিকুল আলম, খুলনা

প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কাজী সাজ্জাদ হোসেন এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপ-
উপাচার্য আবদুল জব্বার খান যুক্ত ছিলেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy